

গাভি সমাচার

এ সম্পর্কে পবিত্র কুরআনে এসেছে,

وَإِذْ قَالَ مُوسَى لِقَوْمِهِ إِنَّ اللَّهَ يَأْمُرُكُمْ أَنْ تَذْبَحُوا بَقْرَةً قَالُوا أَتَتَّخِذُنَا هُزُؤًا قَالَ أَعُوذُ بِاللَّهِ أَنْ أَكُونَ مِنَ الْجَاهِلِينَ (٦٧) قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا هِيَ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقْرَةٌ لَا فَارِضٌ وَلَا بِكْرٌ عَوَانٌ بَيْنَ ذَلِكَ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ (٦٨) قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا لَوْنَهَا قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقْرَةٌ صَفْرَاءٌ فَاقْعُ لَوْنَهَا تَسْرُّ النَّاطِرِينَ (٦٩) قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَنَا مَا هِيَ إِنَّ الْبَقْرَ تَشَابَهَ عَلَيْنَا وَإِنَّا إِن شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ (٧٠) قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقْرَةٌ لَا ذَلُولٌ تُثِيرُ الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ مُسَلَّمَةٌ لَا شِيَةَ فِيهَا قَالُوا الْآنَ جِئْتَ بِالْحَقِّ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ (٧١) وَإِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادَّارَأْتُمْ فِيهَا وَاللَّهُ مُخْرِجٌ مَا كُنْتُمْ تَكْتُمُونَ (٧٢) فَقُلْنَا اضْرِبُوهُ بَعْضُهَا كَذَلِكَ يُحْيِي اللَّهُ الْمَوْتَى وَيُرِيكُمْ آيَاتِهِ لَعَلَّكُمْ تَعْقِلُونَ

অর্থ : ‘স্মরণ করো, যখন মুসা আপন সম্প্রদায়কে বলেছিল, ‘নিশ্চয়ই আল্লাহ তোমাদের একটি গাভি জবাই করার আদেশ দিয়েছেন’। তারা বলেছিল, ‘তুমি কি আমাদের সঙ্গে ঠাট্টা করছ?’ মুসা বলল, ‘মূর্খদের অন্তর্ভুক্ত হওয়া থেকে আমি আল্লাহর আশ্রয় প্রার্থনা করছি। তারা বলল, ‘আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানিয়ে দিতে বলো, সেটা কেমন?’ মুসা বলল, ‘আল্লাহ বলেছেন, এটা এমন গাভি যা বৃদ্ধও নয়, অল্পবয়স্কও নয়; বরং মধ্যবয়সী। সুতরাং তোমরা যা আদিষ্ট হয়েছে তা করো।’ তারা বলল, ‘আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানিয়ে দিতে বলো, এর রং কী?’ মুসা বলল, ‘আল্লাহ বলেছেন, এটা হলুদ বর্ণের গরু, এর রং উজ্জ্বল গাঢ়, যা দর্শকদের আনন্দ দেয়।’ তারা বলল, ‘আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানিয়ে দিতে বলো, ওটা কোনটি? আমরা গাভিটি সম্পর্কে সন্দেহে পড়েছি। আল্লাহ ইচ্ছা করলে নিশ্চয় আমরা দিশা পাব।’



মুসা বলল, 'তিনি বলেছেন, এটা এমন এক গাভি যা জমি চাষে ও খেতে পানি সেচের জন্য ব্যবহৃত হয়নি; সুস্থ নিখুঁত।' তারা বলল, 'এখন তুমি সত্য এনেছ।' যদিও তারা জবাই করতে উদ্যত ছিল না, তবুও তারা ওটাকে জবাই করল। স্মরণ করো, যখন তোমরা এক ব্যক্তিকে হত্যা করেছিলে আর একে অন্যের প্রতি দোষারোপ করছিলে। তোমরা যা গোপন রাখছিলে আল্লাহ তা ব্যক্ত করেছেন। আমি বললাম, এর কোনো অংশ দিয়ে এটাকে আঘাত করো। এভাবেই আল্লাহ মৃতকে জীবিত করেন এবং তাঁর নিদর্শন তোমাদেরকে দেখান, যেন তোমরা বুঝতে পারো।'

-সূরা বাকারা : ৬৭-৭৩।



আমি গাভি। সবার প্রিয় ও সুপরিচিত। হাজার বছর ধরে আমি মানুষের বিশ্বস্ত বন্ধু। টাটকা দুধের কৌটায়, দধির পাত্রে, মাখন ও পনিরের প্যাকেটে, গোস্তের থলে, চামড়ার ব্যাগে এবং চারপাশে নজর বোলালে দেখবে আমার ছবি। কারণ আমি মানুষের অনেক উপকারী বন্ধু। মানুষ আমাকে লালন-পালন করে দুধ লাভ করে। দুধ থেকে পনির হয়, মাখন হয়। আমার সুস্বাদু গোস্ত খেয়ে মানুষ তৃপ্ত হয়। আমার গায়ের চামড়ায় তৈরি হয় জুতো, ব্যাগ এবং আরো অনেক কিছু। শুধু তাই না, আমি আমার পতি (ষাঁড়) ও বাছুর মিলে খেত-খামারে কৃষকের হালচাষে ও পানি সিঞ্চনে সহযোগিতা করি। আমাদের সবকিছু, এমনকি গোবরও কৃষকের সারের কাজে আসে। এর মাধ্যমে জমি উর্বর হয়।

আল্লাহ তাআলা কুরআনের একটি সুরার নাম রেখেছেন আমার নামে। সুরা বাকারা। এ কারণে আমি বিশেষ খ্যাতি লাভ করেছি। ওই সুরায় আমার একটি বিস্ময়কর গল্প আছে। এটি আল্লাহর নবি মুসা আ.-এর যুগে বনি ইসরাঈলের সঙ্গে ঘটেছে।



বনি ইসরাঈল ছিল এক দুষ্ট জাতি। সব সময় ঝগড়া-বিবাদ করে বেড়াত। কারণে-অকারণে অধিক প্রশ্ন করত। কোনো অবস্থাতেই সন্তুষ্ট থাকত না। তাদের সঙ্গেই ঘটল এক বিরল ঘটনা—

ঘটনাটি ঘটেছে বনি ইসরাঈলের এক চাচা ও ভতিজার মধ্যে। চাচা ছিলেন অনেক সম্পদশালী। তার কোনো ছেলে-মেয়ে ছিল না। ভতিজাই ছিল চাচার একমাত্র উত্তরাধিকারী। ভতিজা দীর্ঘদিন ধরে চাচার মৃত্যুর অপেক্ষা করছিল। কারণ তার মৃত্যু হলেই সে লাভ করবে চাচার সব সম্পদের মালিকানা। কিন্তু রাখে আল্লাহ মারে কে! আল্লাহর ইচ্ছায় চাচা হয়েছেন দীর্ঘজীবী! এদিকে ভতিজার আর তর সয় না। সম্পদের লোভে সে উন্মাদ হয়ে ওঠে। মাথায় দুষ্ট ফন্দি আঁটে। এক রাতে সে চাচার ঘরে ঘাপটি মেরে বসে থাকে। রাতের গভীরে চাচাকে হত্যা করে। তারপর চুপিসারে লাশখানা রাস্তার পাশে রেখে আসে। রাত্রি শেষে জনপদে ভোরের আলো ফোটে। লাশকে ঘিরে লোকজন জড়ো হয়। সবার মধ্যে চাঞ্চল্য সৃষ্টি হয়। হত্যাকারী কে? এ নিয়ে তুমুল গন্ডগোল বাধে। একে অন্যকে দোষারোপ করে। কিন্তু প্রকৃত হত্যাকারীর পরিচয় সবার অজানা। অবশেষে মীমাংসার জন্য সবাই মুসা আ.-এর দরবারে হাজির হয়।

